

জেলা

কারিগরি শিক্ষার্থীরাই নতুন বাংলাদেশ গড়ার সামনের সারির কারিগর: শিক্ষা উপদেষ্টা

প্রতিনিধি নারায়ণগঞ্জ

প্রকাশ: ০৭ জুলাই ২০২৫, ২১: ৩০



নারায়ণগঞ্জের বন্দর উপজেলার গোকুলদাশের বাগ এলাকায় জামেয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা এস এস সি ভোকেশনাল স্কুল অ্যান্ড বি এম কলেজে অনুষ্ঠানে অংশ নিয়ে বক্তব্য দেন শিক্ষা উপদেষ্টা অধ্যাপক চৌধুরী রফিকুল আবরার। সোমবার দুপুরে ছবি: প্রথম আলো

কারিগরি শিক্ষার্থীরাই নতুন বাংলাদেশ গড়ার সামনের সারির কারিগর হবে বলে মন্তব্য করেছেন অন্তর্বর্তী সরকারের শিক্ষা উপদেষ্টা অধ্যাপক চৌধুরী রফিকুল আবরার (সি আর আবরার)। তিনি জুলাই মাসকে গর্বের মাস আখ্যা দিয়ে

প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে জুলাই শহীদদের স্মরণে আলাদাভাবে অনুষ্ঠান করার আহ্বান জানান।

আজ সোমবার দুপুরে নারায়ণগঞ্জের বন্দর উপজেলার গোকুলদাশের বাগ এলাকায় জামেয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা এস এস সি ভোকেশনাল স্কুল অ্যান্ড বি এম কলেজে একটি অনুষ্ঠানে এ মন্তব্য করেন শিক্ষা উপদেষ্টা। তিনি বলেন, ‘বিগত সময় আমাদের কথা বলার অধিকার ছিল না। আমাদেরকে প্রজা বানিয়ে রাখা হয়েছিল। আমাদের শিক্ষার্থীরা জুলাই আন্দোলনের মধ্য দিয়ে এ ব্যবস্থা থেকে মুক্ত করেছে এবং নতুন বাংলাদেশের সূচনা ঘটিয়েছে।’

শিক্ষাব্যবস্থা নিয়েও কথা বলেন সি আর আবরার। তিনি বলেন, ‘বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে আমাদের বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর শিক্ষা অর্জন করতে হবে। পাশাপাশি মাদ্রাসা শিক্ষাব্যবস্থাকেও আধুনিকায়ন করতে হবে। যেহেতু কারিগরি শিক্ষার বিকল্প কিছু নেই, তাই রাষ্ট্রও চায় জাতি কারিগরি দক্ষতা অর্জন করুক। যে শিক্ষা কর্মদক্ষতা বাঢ়াবে, নেতৃত্ব ও মানবিক হতে শেখাবে, সেই শিক্ষার শুরুটা যেন আমরা করে যেতে পারি।’

জুলাই আন্দোলনের কথা স্মরণ করে শিক্ষা উপদেষ্টা বলেন, ‘এই জুলাই মাসেই ছাত্র, শিক্ষক ও সাধারণ জনগণ স্বেরাচারের পতন ঘটিয়ে নুতন বাংলাদেশ গড়েছে। জুলাই আমাদের গর্বের মাস হিসেবে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে আলাদাভাবে অনুষ্ঠান করে শহীদদের স্মরণ করার আহ্বান জানাই। আগামীতে নির্বাচনের মাধ্যমে যে রাজনৈতিক দল ক্ষমতায় আসবে, যাঁরা জনপ্রতিনিধি নির্বাচিত হবেন, তাঁরা দেশবাসীকে সঙ্গে নিয়ে জনগণের স্বপ্নগুলো বাস্তবায়নে কাজ করবেন।’

জামেয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা এস এস সি ভোকেশনাল স্কুল অ্যান্ড বি এম কলেজের সভাপতি মো. জামাল উদ্দিন মিএঢ়ার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন নারায়ণগঞ্জের জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিএঢ়া, জেলা পুলিশ সুপার প্রত্যুষ কুমার মজুমদার প্রমুখ।